রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৭, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

যুব শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৭ই এপ্রিল, ১৯৯৩/২৪শে চৈত্র, ১৩৯৯

এস, আর, ও নং ৫৭-আইন/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদসংক্রান্ত সকল বিধি বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

## যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৩

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন,

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদ অথবা পদশ্রেণীর নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;



মূল্য: টাকা ৩.০০

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(চ) "শিক্ষানবীস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ;

(জ) "বাছাই কমিটি" অর্থ এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় :—

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা হইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত কোন পদে বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, মহা-পরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি না—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের নির্ধারিত ফরম ও নির্ধারিত ফি বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা মর্মে স্বীয় উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিশি।—(১) স্থায়ী শূন্য কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য নিয়োগ করা হইবে, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি—

(ক) এই মর্মে সন্তুষ্ট হয় যে শিক্ষানবিশীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশীর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি(৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) মনে করে যে উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশিকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। কতিপয় পদে নিয়োগ সম্পর্কে বিশেষ বিধান।—সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃসীমা ৩০ বৎসর হওয়া সাপেক্ষে, তফসিলের—

(ক) ক্রমিক নং ৭ ও ৮ তে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 (সংস্থাপন মন্ত্রণালয়ের ১৬-৫-১৯৭৮ তারিখের নং SRO 109-L/78/ED/SWIII-3/18/78-128) এর বিধানাবলী প্রযোজ্য হইবে;

(খ) ক্রমিক নং ১১, ১২, ১৩, ১৪ ও ১৫তে উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে LDA-cum-typist, Plain paper copier, Duplicating Machine Operator, Daftary, Despatch Rider and M.L.S.S. (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules, 1985 (সংস্থাপন মন্ত্রণালয়ের ১২-৩-১৯৮৫ তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫) এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

তফসিল

(বিধি ২(খ) দ্রষ্টব্য)

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহা-পরিচালক | | প্রেষণে বদলীর মাধ্যমে অথবা পদোন্নতির মাধ্যমে। | পরিচালক পদে পাঁচ বৎসরের চাকুরীসহ আঠার বৎসরের ১ম শ্রেণীর চাকুরীর অভিজ্ঞতা। |
| ২ | পরিচালক | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | উপ-পরিচালক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীসহ সর্বমোট বার বৎসরের সরকারী চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩ | উপ-পরিচালক | অনূর্ধ ৩৭ বৎসর | (ক) ৪/৫ সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগ: স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সাত বৎসরের ১ম শ্রেণীর সরকারী চাকুরীর অভিজ্ঞতা। |
| | | | (খ) ১/৫ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: সহকারী পরিচালক পদে অন্যূন সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪ | সহকারী পরিচালক | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ঃ সরাসরি নিয়োগের মাধ্যমে<br><br>(খ) ঃ পদোন্নতির মাধ্যমে | সরাসরি নিয়োগ ঃ<br>স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br><br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>হিসাব রক্ষক ও সাঁটলিপিকার পদে ন্যূনতম ১২ বৎসরের চাকুরী অথবা উচ্চমান সহকারী ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে ১৩ বৎসরের চাকুরী। |
| ৫ | হিসাব রক্ষক | অনূর্ধ ৩০ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির মাধ্যমে ঃ<br>সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগ ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে পাঁচ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬ | সহকারী হিসাব রক্ষক | ঐ | ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির মাধ্যমে ঃ<br>ক্যাশিয়ার পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগ : স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে দুই বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭ | সাঁটলিপিকার | এই সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর বিধান অনুসারে করিতে হইবে। | .. | .. |
| ৮ | সাঁট-মুদ্রাক্ষরিক | | | পদোন্নতির ক্ষেত্রে : নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯ | উচ্চমান সহকারী | অনুর্ধ ৩০ বৎসর | (ক) ঃ পদোন্নতির মাধ্যমে, (খ) ঃ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নূন্যতম স্নাতক ডিগ্রী। |
| ১০ | ক্যাশিয়ার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট প্রাপ্ত। |
| ১১ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | | এই সকল পদে নিয়োগের ক্ষেত্রে বিধি ৭ এর বিধান অনুসারে করিতে হইবে। | .. |
| ১২ | গাড়ী চালক | | | |
| ১৩ | পিয়ন/বার্তাবাহক/অর্ডারলী পিয়ন/দপ্তরী। | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | দারোয়ান/নৈশ প্রহরী | | | |
| ১৫ | জমাদার/মালী/সুইপার/ক্লিনার। | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম, এ, বি, সিদ্দিক
উপ-সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।